গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.১৭-১৬

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৭ / ৩০ জুন ২০২০

বিষয় : দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২০-মার্চ ২০২০) প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস জনিত উদ্ভূত পরিস্থিতির কারণে সুরক্ষা সেবা বিভাগের অধীন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অত্র বিভাগে ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রাপ্তি বিলম্বিত হয়েছে।

০২। উক্ত প্রতিবেদনসমূহের আলোকে ৩০/০৬/২০২০ তারিখ অত্র বিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও যুগ্মসচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব মহোদয়ের সভাপতিত্বে দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্তকর্তাগণের সাথে জুম অনলাইন প্লাটফরমে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।

৩০/৬/২০২০

(জাহিদুল ইসলাম)
উপসচিব
ফোন : ৯৫৭৬৩৪৩
e-mail : fire1@ssd.gov.bd

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
০৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৭। অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২০-মার্চ ২০২০) প্রতিবেদনের ওপর ফলাবর্তক (feedback) প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব, সুরক্ষা সেবা বিভাগ ও শুদ্ধাচার ফোকালপয়েন্ট |
| সভার তারিখ | : | ৩০ জুন ২০২০ |
| সময় | : | বেলা ১২.০০ মিনিট |
| স্থান | : | জুম অনলাইন প্লাটফরম। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত কর্মকর্তাগণকে কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে জুম অনলাইন প্লাটফরমে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমালার আলোকে সুরক্ষা সেবা বিভাগের অধীন ০৪টি দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন পাওয়া গেছে। তবে করোনা মহামারি পরিস্থিতির কারণে সকল দপ্তর/সংস্থার ৩য় কোয়াটারের প্রতিবেদন সঠিক সময়ে পাওয়া যায় নাই।

০২। দপ্তর/সংস্থার প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্তৃক পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রতিটি সূচকেই তারা শতভাগ অর্জন করতে সক্ষম হয়েছে কিন্তু মোট অর্জন ও স্ব-মূল্যায়ন পদ্ধতিতে অর্জিত মান গণণা/হিসাব করা হয় নাই। পর্যালোচনাকালে দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন কিছু ভুল-ত্রুটি পাওয়া গেছে। ভুল-ত্রুটিগুলো দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে বুঝিয়ে দেয়া হয়েছে এবং সেগুলো সংশোধনের বিষয়ে সভায় সুপারিশ করা হয়েছে। এ সম্পর্কে নিম্নের ছকে বিস্তারিত উল্লেখ করা হলো :

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :

কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল মোট ৪৫০ কিন্তু অর্জিত হয়েছে ২৭৪ এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল মোট ৩০০ কিন্তু অর্জিত হয়েছে ২৭৪ জন। স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ১০/০২/২০২০ তারিখে। এডিপি বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কম হয়েছে। ডুবুরি ইউনিট সম্প্রসারণের কাজ লক্ষ্যমাত্রার বিপরীতে কোন অর্জন হয়নি। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে খরচের হার খুবই কম। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ এবং আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের অর্জন প্রদান করা হয়নি। যে সকল ক্ষেত্রে অর্জন প্রদান করা হয়েছে সে সব ক্ষেত্রে প্রমাণক দাখিল করা হয় নাই এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কারণ ব্যাখ্যা করা হয় নাই। যে সকল সূচকে অর্জন প্রদান করা হয়েছে সেসব ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

(খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :

নৈতিকতা কমিটির সভা করা হয়েছে, চাকুরি সংক্রান্ত প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২৪০ জনের বিপরীতে ৪৩৬ জনকে এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২৪০ জনের বিপরীতে ২২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইমিগ্রেশন আইনের খসড়া চূড়ান্তকরণ, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, ই-টেন্ডার এর মাধ্যমে ক্রয় কার্যক্রম, শাখা/অধিশাখা পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন, সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী

নথির শ্রেণি বিন্যাসকরণ ও শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন, ইলেকট্রনিক কিউ সিস্টেম সম্প্রসারণ, মোবাইল ইউনিট সম্প্রসারণ এবং আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সূচক অর্জিত হয়নি। যে সকল ক্ষেত্রে অর্জন প্রদান করা হয়েছে সেসব ক্ষেত্রে প্রমাণক দাখিল করা হয় নাই এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সেসব ক্ষেত্রে কার কারণ ব্যাখ্যা করা হয় নাই। যেসকল সূচকে অর্জন প্রদান করা হয়েছে সেসব ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সেসব ক্ষেত্রে কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :

মোট অর্জন এবং অর্জিত মানের ঘরে কোন কিছু উল্লেখ নেই। ৩য় ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রার বিপরীতে সকল সূচকের অর্জন শতভাগ উল্লেখ করা হয়েছে। স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ৩০/০৩/২০২০ এর বিপরীতে অর্জন দেখানো হয়েছে ৩০/০৩/২০২০ । এ ছাড়া এডিপি বাস্তবায়ন মোট ৭৫% দেখানো হয়েছে। যা সুরক্ষা সেবা বিভাগের সে সময়ের অর্জন হতে অনেক বেশী এ বিষয়টিও পুনরায় যাচাই করা প্রয়োজন। আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কার্যক্রমের বিষয়ে ২য় ও ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের বিষয়ে ফিড ব্যাক প্রদানের বিষয়ে লক্ষ্যমাত্রা এবং অর্জন উল্লেখ করা হয়নি-যা সঠিক হয়নি। যে সকল ক্ষেত্রে অর্জন প্রদান করা হয়েছে সেসব ক্ষেত্রে প্রমাণক দাখিল করা হয় নাই এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কার কারণ ব্যাখ্যা করা হয় নাই। যে সকল সূচকে অর্জন প্রদান করা হয়েছে সে সব ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

(ঘ) কারা অধিদপ্তর :

মোট অর্জনের ঘর (কলাম নং-১২) ও অর্জিত মান (কলাম-১৩) এ কোন তথ্য নেই। ৩য় ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রার বিপরীতে সকল সূচকের অর্জন শতভাগ উল্লেখ করা হয়েছে। এডিপি বাস্তবায়ন মোট ৬৫% দেখানো হয়েছে। যা সে সময়ের সুরক্ষা সেবা বিভাগের অর্জন হতে অনেক বেশী। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ১৫/০৪/২০২০। অর্জনে একই তারিখ উল্লেখ করা হয়েছে। অথচ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে ০৬/০৪/২০২০ বিষয়টি পুন:যাচাই করা প্রয়োজন। আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের অর্জন প্রদান করা হয়নি। যে সকল ক্ষেত্রে অর্জন প্রদান করা হয়েছে সে সব ক্ষেত্রে প্রমাণক দাখিল করা হয় নাই এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কার কারণ ব্যাখ্যা করা হয় নাই। যে সকল সূচকে অর্জন প্রদান করা হয়েছে সে সব ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে এবং যে সকল সূচকে অর্জন সম্ভব হয়নি সে সব ক্ষেত্রে কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

০৩। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ত্রৈমাসিক প্রতিবেদনদ্বয় মোটামুটি সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের প্রতিবেদনে যে সকল ভুল পরিলক্ষিত হয়েছে তা দ্রুত সংশোধনের ব্যবস্থা নিতে হবে। ৪র্থ ত্রৈমাসিক/ চূড়ান্ত প্রতিবেদন এর সাথে প্রতিটি সূচকের মোট অর্জন, অর্জিত মান এবং সকল সূচকের ক্ষত্রে আবশ্যিক ভাবে প্রমাণক দাখিল করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৮.২০২০

(মল্লিক সাঈদ মাহবুব)
যুগ্মসচিব
সুরক্ষা সেবা বিভাগ।